

স্মারক নং – ৪২১

তারিখ: ১২/০৯/২০১৯ খ্রি:

### আউটসোর্সিং এর মাধ্যমে সেবা সরবরাহের নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০২/০৮/২০১৬ খ্রি: তারিখের ০৫.০০.০০০০.১১২.১১.০০৮.১২-৩০৮ নং স্মারকে জেলা পর্যায়ে উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগের কার্যালয়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে “অফিস সহায়ক” পদ সৃজন করা হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এ উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, জয়পুরহাট এর জন্য সরকারী নির্দেশনা মোতাবেক আউট সোর্সিং এর মাধ্যমে বর্ণিত অফিস সহায়ক/ ম্যাসেঞ্জার এর ০১ (এক) টি সেবা সরবরাহের নিমিত্ত স্থাকৃত প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

#### তফসিল

ক্রমিক নং	দরপত্র দাখিলের তারিখ	সময়	মন্তব্য
১	২৩/০৯/২০১৯	সকাল ০৯:০০ হতে দুপুর ১২:০০ ঘটিকা	১ম বার
২	৩০/০৯/২০১৯	ঞ্চ	২য় বার
৩	০৭/১০/২০১৯	ঞ্চ	৩য় বার

#### শর্তাবলী:

- আগ্রহী প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে প্রতিষ্ঠান প্রধানের পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN নম্বর, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ এবং সরকারী প্রকল্প/দপ্তরে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিনি) বছরের অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- অফিস সহায়ক/ ম্যাসেঞ্জার এর সেবা সরবরাহের মেয়াদ ০১ অক্টোবর ২০১৯ হতে ৩০ জুন ২০২০ পর্যন্ত। তবে সরকারী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উক্ত চুক্তি নথায়ন যোগ্য হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে নির্ধারিত ফরমে (জেলা প্রশাসক কার্যালয়, স্থানীয় সরকার শাখা হতে অথবা জয়পুরহাট জেলার ওয়েবসাইট [www.joypurhat.gov.bd](http://www.joypurhat.gov.bd) নোটিশ বোর্ডে পাওয়া যাবে) উল্লেখিত সেবার জন্য সাকুল্য মূল্যের বিপরীতে প্রতিষ্ঠানের কমিশনের হার উল্লেখ করে সিলগালাকৃত খামে তফসিল বর্ণিত সময়সূচি অনুযায়ী অত্র কার্যালয়ে রাঙ্কিত দরপত্র বাল্কে দাখিল করতে হবে। দরপত্র বাল্ক একই তারিখ বেলা ১:০০ ঘটিকায় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ১ম বার দরপত্র গৃহিত হলে ২য় ও ৩য় বার কোন দরপত্র গ্রহণ করা হবে না। অনুরূপভাবে ২য় বার দরপত্র গৃহিত হলে ৩য় বার কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা-২০০৮ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা -৩ শাখা হতে গত ১০/০৬/২০১৯ খ্রি: তারিখের ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯ নং স্মারকে জোরিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ক্যাটাগরি – ৫ এর আওতায় নিয়োজিত সেবা গ্রহণ বাবদ সরকার কর্তৃক নির্ধারিত অর্থ প্রদেয় হবে।
- নির্বাচিত সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহিত ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অত্র দপ্তরের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন ব্যক্তিকে সেবা গ্রহণ করা হবে না। চুক্তিপত্র পক্ষের যে কোন পক্ষ ০১ (এক) মাসের মৌসিশে সম্পাদিত চুক্তি বাতিল করতে পারবেন। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ের জারীকৃত আইন, বিধিমালা, নীতিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
- আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কোন সেবা প্রদানকারীর অদক্ষতা বা অবহেলার কারণে নিয়োগকারী কর্তৃপক্ষের কোনরূপ ক্ষতি সাধিত হলে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করতে হবে।
- সেবা সরবরাহের জন্য প্রার্থিত কমপক্ষে তিন জনের পূর্ণাংশ জীবন বৃত্তান্ত সহ পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি রঙিন ছবি, নাগরিকত্ব সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- সেবা প্রদানকারী ব্যক্তিকে জন্মসুত্রে বাংলাদেশের নাগরিক, বয়স ১৮-৬০ বছরের মধ্যে, সুস্থ, স্বাভাবিক জ্ঞানবুদ্ধিসম্পন্ন হতে হবে।
- সেবা প্রদানকারী ব্যক্তিকে কমপক্ষে এসএসিসি পাশ হতে হবে। কোন বিশেষ অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
- নিয়োজিত সেবা প্রদানকারীকে জনস্বার্থে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরও (প্রয়োজন অনুযায়ী) দায়িত্ব পালন করতে হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে সেবা প্রদানের জন্য চুক্তিবদ্ধ হলে কর্তৃপক্ষ চুক্তিবাতিলসহ তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- শুধুমাত্র সরকারী বিধিবিধান মোতাবেক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদত্ত আর্থিক সুবিধা সেবা প্রদানকারীকে প্রদান করা হবে।
- আয়করের আওতাভুক্ত জনবলের জন্য আয়কর আইন মোতাবেক আয়কর রিটার্ন বাধ্যতামূলক হবে।
- দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা কিংবা ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যক্তিকে যে কোন দরপত্র বাতিল / গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ইশরাত ফারজানা

উপপরিচালক

স্থানীয় সরকার, জয়পুরহাট

ফোন নং: ৬২২৪৯

[dlgjoypurhat@gmail.com](mailto:dlgjoypurhat@gmail.com)

বরাবর  
জেলা প্রশাসক  
জয়পুরহাট

আউটসোর্সিং এর মাধ্যমে সেবা সরবরাহের আবেদন ফরম

১. দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের নাম :

প্রতিষ্ঠান প্রধানের নাম :

পিতার নাম :

বর্তমান ঠিকানা :

২. স্থায়ী ঠিকানা :

৩. জাতীয় পরিচয়পত্র নম্বর :

৪. প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগের জন্য : মোবাইল নং –

ই – মেইল

৫. সাকুল্য সেবামূল্যের উপর প্রতিষ্ঠানের কমিশনের হার :

৬. সন্তান্য সেবা প্রদানকারীগণের তথ্যঃ

ক্রঃ নং	নাম	বর্তমান ও স্থায়ী ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা (যদি থাকে)

৭. সংযুক্ত কাগজপত্রের নামসহ তালিকাঃ

আবেদনকারী প্রতিষ্ঠান প্রধানের নাম  
স্বাক্ষর ও সিল